পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর,পাবনা
www.pbs2.pabna.gov.bd

নম্বর: ২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.১৯.৫৪৫১

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬
১০ অক্টোবর ২০১৯

প্রাপক:
০০০
০০০

বিষয়: **নিয়োগ বিজ্ঞপ্তি**

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ডাটা এন্ট্রি অপারেটর পদে স্থায়ী লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে পদের পার্শে উল্লেখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
.০১	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০/- হতে ৩২,৭৪০/- টাকা সহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি।	ক) আগ্রহী প্রার্থীগণকে এইচ.এস.সি পরীক্ষায় নুন্যতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ গ্রেড ৪.০০ এর মধ্যে নুন্যতম ২.২৫ অথবা জিপিএ গ্রেড ৫.০০ এর মধ্যে নুন্যতম ২.৫০ অথবা সমমান থাকতে হবে। খ) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এই ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়সের প্রমানক হিসেবে এস.এস.সি সনদ বিবেচিত হবে। গ) কম্পিউটার পরিচালনা ও কম্পিউটার অপারেটিং সিস্টেম ও ওয়ার্ড প্রসেসিং এ ভাল জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজি কী স্পীড প্রতি মিনিটে নুন্যতম যথাক্রমে ২০ (বিশ) ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। ঘ) বাংলা ও ইংরেজি ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ঙ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। চ) নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনে কর্মকালীন সময়ে বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন সন্তোষজনক বিবেচিত হলে নিয়মিতভাবে নিয়োগ প্রদান করা হবে।

শর্তাবলীঃ

০১) **আবেদন পত্র পুরণ ও জমাদান :** আবেদনকারীগণ আবেদন ফরম পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট

(www.pbs2.pabna.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) A-4 সাইজে কাগজ ডাউনলোড অথবা পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর অথবা সকল পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক নিজ হাতে যথাযথভাবে পুরন করে আগামী ১৩/১১/২০১৯খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশীনাথপুর, পাবনা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

২) <u>আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :</u>

ক) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।

গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) ছবি সহ সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম ও পদবী সম্বলিত সীল দ্বারা) হতে হবে।

চ) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) ১০০/-(একশত) টাকা মূল্য মানের ক্রসড পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ ডিডি (অফেরতযোগ্য) পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকুলে সংযুক্ত করতে হবে।

০৩) জেলা কোটার প্রাপ্যতা থাকায় শুধুমাত্র ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, জামালপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ময়মনসিংহ, টাঙ্গাইল, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী , লক্ষীপুর, রংপুর, নীলফামারী, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, নড়াইল, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। এছাড়া অত্র পবিসের ভৌগলিক এলাকা সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর, কুস্টিয়া জেলার কুমারখালী, মানিকগঞ্জ জেলার দৌলতপুর ও রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা বোঁড পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৬) প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

০৭) বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলীর মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

০৮) ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/সেচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নাই।

০৯) প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে যোগ্যপ্রার্থী নির্বাচন করা হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি দাখিল করতে হবে।

১০) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

...

১০-১০-২০১৯

প্রকৌঃ মোঃ এমদাদুল হক
জেনারেল ম্যানেজার
ফোন: ০৭৩৩২-৫৪২৮৮
ইমেইল: gmppbs2@gmail.com

নম্বর: ২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.১৯.৫৪৫১/১

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬
১০ অক্টোবর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৪) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৫) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৬) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৭) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৮) পরিচালক (কারিগরী) , আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৯) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
১০) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
১১) সকল পল্লী বিদ্যুৎ সমিতি
১২) ডিজিএম, সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।
১৩) ডিজিএম, আতাইকুলা জোনাল অফিস, পাবনা পবিস-২।
১৪) ডিজিএম, বেড়া জোনাল অফিস, পাবনা পবিস-২।
১৫) ডিজিএম, সদরদপ্তর-কারিগরী, পাবনা পবিস-২।
১৬) অফিসার ইনচার্জ, সাঁথিয়া সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
১৭) এজিএম (এমএস), পাবনা পবিস-২।
১৮) এজিএম (ওএন্ডএম), পাবনা পবিস-২।
১৯) এজিএম (ইএন্ডসি), পাবনা পবিস-২।
২০) এজিএম (অর্থ), পাবনা পবিস-২।
২১) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, পাবনা পবিস-২।

১০-১০-২০১৯
প্রকৌঃ মোঃ এমদাদুল হক
জেনারেল ম্যানেজার